টেলিটক বাংলাদেশ লিমিটেড
রাষ্ট্রীয় মালিকানাধীন মোবাইল নেটওয়ার্ক অপারেটর
কর্পোরেট কার্যালয়
রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, গুলশান-১, ঢাকা
www.teletalk.com.bd

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

টেলিটক আমাদের ফোন

**স্মারক নম্বর:** ১৪.৩৫.০০০০.০২০.৭৮.০২০.২০.২৯৩

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত আইডিয়া প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নং. ১৪.০০.০০০০.০১১.০৬.০০১.২৩.১০৪২, তারিখ: ০৭ মার্চ ২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত প্রণীত আইডিয়া আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতৎসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

১৩-০৩-২০২৪
এ কে এম হাবিবুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
md@teletalk.com.bd

সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

**দৃষ্টি আকর্ষণ:**
প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

**স্মারক নম্বর:** ১৪.৩৫.০০০০.০২০.৭৮.০২০.২০.২৯৩/১ (২)

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং
২। অফিস কপি।

১৩-০৩-২০২৪
নুরুল মাবুদ চৌধুরী
মহাব্যবস্থাপক (সিস্টেম অপারেশন্স, ঢাকা)

**প্রতিবেদনের অংশ:**


**টেলিটক বাংলাদেশ লিমিটেড**
**স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা**

| ক্র. নং. | পরিকল্পনা | কার্যক্রমের বিবরণ | স্মার্ট বাংলাদেশ লক্ষ্যমাত্রা-২০৪১, SDG-2030, প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৩০), 8FYP (2021-2025) এর সাথে সংশ্লিষ্টতা | বাজেট সংশ্লিষ্টতা (বাজেটের উৎস, অনুমোদন) | বাস্তবায়নকাল (শুরু ও শেষের তারিখ উল্লেখপূর্বক) | বাস্তবায়নকারী (দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উল্লেখপূর্বক) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দেশের ৬৫% এলাকা ৪জি নেটওয়ার্ক কাভারেজের আওতাভুক্ত করা | ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে টেলিটকের ৪জি নেটওয়ার্ক কাভারেজ দেশের ৬৫% এলাকায় ছড়িয়ে দেয়ার মাধ্যমে দেশের প্রান্তিক জনগণকে উন্নত ইন্টারনেট সেবা প্রদান করা সম্ভব হবে। | স্মার্ট সিটিজেন-এ রূপান্তর করা | সরকারি অনুমোদিত প্রকল্প | জানুয়ারি, ২০২৩ থেকে ডিসেম্বর, ২০২৫ (ইতোমধ্যে ৫৭০টি সাইটে ৪জি নেটওয়ার্ক কাভারেজের আওতায় আনা হয়েছে।) | প্রকল্প পরিচালক, "গ্রাম পর্যায়ে টেলিটকের নেটওয়ার্ক সম্প্রসারণ এবং ৫জি সেবা প্রদানে নেটওয়ার্ক আধুনিকায়ন" শীর্ষক প্রকল্প, টেলিটক বাংলাদেশ লিমিটেড |
| ০২ | IoT ভিত্তিক স্মার্ট সেবা চালু করা | IoT ভিত্তিক বিভিন্ন স্মার্ট সেবা যেমন: দুর্গম অঞ্চলে সাইটের বিদ্যুৎ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা হবে। যার মাধ্যমে টেলিটকের দুর্গম অঞ্চলে অবস্থিত সাইটসমূহের লোডশেডিংকালে জেনারেটর সয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। এতে করে বিবিধ ব্যয় (কর্মী নিযুক্তকরণ সংক্রান্ত ব্যয়, সিস্টেম লস সংক্রান্ত ব্যয়) হ্রাস পাবে। | প্রতিষ্ঠানে স্মার্ট গভর্নমেন্ট নিশ্চিত করা | টেলিটকের নিজস্ব অনুমোদিত বাজেট | মার্চ ২০২৪ থেকে ডিসেম্বর ২০২৫ (ইতোমধ্যে পরীক্ষামূলকভাবে বগুড়ায় ০১টি সাইটে এবং মুন্সিগঞ্জের ০১টি সাইটে স্থাপন করা হয়েছে) | ইনোভেশন অফিসার, টেলিটক ইনোভেশন টিম |

| ক্র. নং. | পরিকল্পনা | কার্যক্রমের বিবরণ | স্মার্ট বাংলাদেশ লক্ষ্যমাত্রা-২০৪১, SDG-2030, প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৩০), 8FYP (2021-2025) এর সাথে সংশ্লিষ্টতা | বাজেট সংশ্লিষ্টতা (বাজেটের উৎস, অনুমোদন) | বাস্তবায়নকাল (শুরু ও শেষের তারিখ উল্লেখপূর্বক) | বাস্তবায়নকারী (দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উল্লেখপূর্বক) |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | AI (Artificial Intelligence) ও ML (Machine Learning) এবং Data Analysis প্রযুক্তি ব্যবহার করে স্মার্ট সেবা চালু করা | AI, ML এবং Data Analysis ভিত্তিক বিভিন্ন স্মার্ট সেবা যেমন: গ্রাহক ব্যবস্থাপনা, হার্ডওয়্যার ব্যবস্থাপনা, চার্ণ ম্যানেজমেন্ট, জনবল ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা চালু করা। এর মাধ্যমে টেলিটকের সেবাসমূহ আরো আধুনিক এবং সাশ্রয়ী করা সম্ভব হবে। | প্রতিষ্ঠানে স্মার্ট ইকোনমি এবং স্মার্ট গভর্নমেন্ট নিশ্চিত করা | টেলিটকের নিজস্ব অনুমোদিত বাজেট | ফেব্রুয়ারি ২০২৪ থেকে ডিসেম্বর ২০২৭ (ইতোমধ্যে পরীক্ষামূলকভাবে গ্রাহক ঝড়ে পড়া রোধকল্পে চার্ণ ম্যানেজমেন্ট কার্যক্রম শুরু করা হয়েছে) | আহ্বায়ক, সাইট ভিত্তিক রেভিনিউ বিশ্লেষণ কমিটি এবং ইনোভেশন অফিসার, টেলিটক ইনোভেশন টিম |
| ০৪ | দ্রুত গতির ডিজিটাল কানেক্টিভিটি নিশ্চিত করা | বিশেষ ইন্টারনেট সেবা চাহিদাসম্পন্ন এলাকায় (সমুদ্র বন্দর, স্থল বন্দর, ইন্ডাস্ট্রিয়াল এলাকা, ইকোনমিক জোন) দ্রুত গতির ৫জি নেটওয়ার্ক কাভারেজ নিশ্চিত করা সম্ভব হবে। | স্মার্ট ইকোনমি বিনির্মাণ করা | সরকারি অনুমোদিত প্রকল্প | জানুয়ারি ২০২৪ থেকে ডিসেম্বর, ২০২৮ (পরিকল্পনা ও বাস্তবায়ন বিভাগ ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করেছে) | পরিকল্পনা ও বাস্তবায়ন বিভাগ, টেলিটক বাংলাদেশ লিমিটেড |

| ক্র. নং. | পরিকল্পনা | কার্যক্রমের বিবরণ | স্মার্ট বাংলাদেশ লক্ষ্যমাত্রা-২০৪১, SDG-2030, প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৩০), 8FYP (2021-2025) এর সাথে সংশ্লিষ্টতা | বাজেট সংশ্লিষ্টতা (বাজেটের উৎস, অনুমোদন) | বাস্তবায়নকাল (শুরু ও শেষের তারিখ উল্লেখপূর্বক) | বাস্তবায়নকারী (দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উল্লেখপূর্বক) |
|---|---|---|---|---|---|---|
| ০৫ | বাণিজ্যিক ভিত্তিতে ৫জি সেবা চালুকরা | দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ হাসপাতালে বাণিজ্যিক ভিত্তিতে ৫জি সেবা চালুকরা হবে। যার মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মদের বিবিধ জ্ঞান অর্জনের পথ সুগম করা সম্ভব হবে। AR (Augmented Reality), VR (Virtual Reality), রোবোটিক্স, ডিসটেন্স মেডিক্যাল ট্রিটমেন্ট সেবা প্রদানে সহায়তা করা সম্ভব হবে। | স্মার্ট সিটিজেন-এ রূপান্তরকরণের মাধ্যমে স্মার্ট ইকোনমি নিশ্চিত করা | সরকারি অনুমোদিত প্রকল্প | জানুয়ারি ২০২৪ থেকে ডিসেম্বর, ২০২৮ (পরিকল্পনা ও বাস্তবায়ন বিভাগ ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করেছে) | পরিকল্পনা ও বাস্তবায়ন বিভাগ, টেলিটক বাংলাদেশ লিমিটেড |
| ০৬ | স্মার্ট বাংলাদেশ বিষয়ক প্রশিক্ষণ প্রদান | টেলিটকের কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধিকল্পে প্রতি অর্থবছরে কমপক্ষে ৪০(চল্লিশ) জন কর্মকর্তাকে স্মার্ট বাংলাদেশ বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হবে। | স্মার্ট সিটিজেন এবং স্মার্ট সোসাইটি | টেলিটকের নিজস্ব অনুমোদিত বাজেট | জুলাই, ২০২৩ থেকে ডিসেম্বর, ২০৩৫ | প্রশাসন বিভাগ, টেলিটক বাংলাদেশ লিমিটেড |

| ক্র. নং. | পরিকল্পনা | কার্যক্রমের বিবরণ | স্মার্ট বাংলাদেশ লক্ষ্যমাত্রা-২০৪১, SDG-2030, প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৩০), 8FYP (2021-2025) এর সাথে সংশ্লিষ্টতা | বাজেট সংশ্লিষ্টতা (বাজেটের উৎস, অনুমোদন) | বাস্তবায়নকাল (শুরু ও শেষের তারিখ উল্লেখপূর্বক) | বাস্তবায়নকারী (দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উল্লেখপূর্বক) |
|---|---|---|---|---|---|---|
| ০৭ | সাইবার সিকিউরিটি ব্যবস্থা জোড়দার করা | টেলিটকের সিস্টেমে সাইবার সিকিউরিটি নিশ্চিত করার নিমিত্ত সময় সময়ে প্রয়োজনীয় হার্ডওয়্যার এবং সফটওয়্যার স্থাপনের মাধ্যমে সিকিউরিটি নিশ্চিত করা। | স্মার্ট সিটিজেন এবং স্মার্ট সোসাইটি | টেলিটকের নিজস্ব অনুমোদিত বাজেট | জানুয়ারি, ২০২৪ থেকে ডিসেম্বর, ২০৩৫ | আইটি এন্ড বিলিং বিভাগ, টেলিটক বাংলাদেশ লিমিটেড |


১২-০৩-২০২৪
অভিজিৎ দত্ত
উপ-ব্যবস্থাপক


১২-০৩-২০২৪
মোঃ আসিবুল আহসান
উপমহাব্যবস্থাপক (সিস্টেম অপারেশন্স, ঢাকা)


১৩-০৩-২০২৪
নুরুল মাবুদ চৌধুরী
মহাব্যবস্থাপক (সিস্টেম অপারেশন্স, ঢাকা)